

দশমিনায় স্কুল ছাত্র অপহরণ ॥ শ্রেফতার ২

দশমিনা (পটুয়াখালী) থেকে সংবাদদাতা ॥
দশমিনা আরেফাতুন, নেছা বালিকা
মাধ্যমিক বিদ্যালয়ের অপহরণের ঘটনায়
আভিযুক্ত ২ জন আসামীকে পুলিশ
শ্রেফতার করেছে। দশমিনা থানার
তদন্তকারী এসআই জিয়াউল হকের
নেতৃত্বে ১ দল পুলিশ গত ১৭ এপ্রিল
স্থানীয় সবুজবাগ এলাকা থেকে ইব্রাহীম
ও কালুকে শ্রেফতার করে। উল্লেখ্য, গত
সোমবার দশমিনা আরেফাতুন নেছা
বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণীর
ছাত্রী মাহমুদাকে (১৩) স্কুলে যাওয়ার পথে
একই পাড়ার নূর মোহাম্মদের ছেলে রুহুল
আমিন অপহরণ করে নিয়ে যায়। এ
ব্যাপারে মাহমুদার পিতা আঃ হাই ৬
জনকে আসামী করে দশমিনা থানায়
একটি মামলা দায়ের করে। পুলিশ
জানায়, মূল আসামীসহ অন্যদের শ্রেফতার
করার চেষ্টা চলছে।